প্রথম আলো

তারিখ AUG 2 1999
পৃষ্ঠা ১২ কলাম ৩

২৭

# মুক্তাগাছা সরকারি কলেজে ফেল করা ছাত্রদের তাণ্ডব

ময়মনসিংহ প্রতিনিধি

ডিগ্রি পরীক্ষায় ফেল করা পরীক্ষার্থীরা গতকাল রোববার ময়মনসিংহ জেলার মুক্তাগাছা শহীদ স্মৃতি সরকারি কলেজের অধ্যক্ষসহ শিক্ষকদের ওপর চড়াও হয়। এ সময় বিক্ষুব্ধ ছাত্ররা কলেজে ব্যাপক ভাঙচুর করে।

কলেজ সূত্রে জানা যায়, সম্প্রতি প্রকাশিত ডিগ্রি পরীক্ষার ফলাফলে এ কলেজ থেকে মাত্র ৬ জন পাস করে। পরীক্ষায় মোট ১০৬ জন অংশগ্রহণ করেছিল। গতকাল সকাল থেকেই অকৃতকার্য পরীক্ষার্থীরা কলেজ ক্যাম্পাসে জড়ো হতে থাকে। এক পর্যায়ে ছাত্ররা পদার্থবিজ্ঞানের শিক্ষক মাহবুবুল আলমের ওপর চড়াও হয় এবং তার মোটর সাইকেলটির ব্যাপক ক্ষতিসাধন করে। ছাত্ররা অধ্যক্ষের ওপর চড়াও হয়ে কলেজের বিভিন্ন কক্ষ ও আসবাবপত্রের ব্যাপক ক্ষতি করে।